


নং-৩৩.০২.০০০০.১২০.০২.০২২.০৮-



তারিখঃ ০৬/০৯/২০১৬ খ্রি.


## সভার নোটিশ

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ হতে মাঠ পর্যায়ে সম্প্রসারণের জন্য ০৫ (পাঁচ) টি প্রযুক্তি মৎস্য অধিদপ্তরে হস্তান্তর করা হয়েছে। যেমন- ১. কৈ মাছের সাথে শিং ও তেলাপিয়া মাছের মিশ্রচাষ প্রযুক্তি; ২. বিপন্ন প্রজাতির ট্যাংরা মাছের কৃত্রিম প্রজনন ও পোনা উৎপাদন কৌশল; ৩. পারশে মাছের প্রজনন ও পোনা উৎপাদন কৌশল; ৪. গলদা চিংড়ির আগাম ব্রুড উন্নয়ন কৌশল এবং ৫. “বিএফআরআই মেকানিক্যাল ফিশ ড্রয়ার” ব্যবহারের মাধ্যমে গুণগতমানসম্পন্ন শুটকি মাছ উৎপাদন কৌশল। উল্লিখিত প্রযুক্তিগুলো মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নির্ধারণে মৎস্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে আগামী ২৬/০৯/২০১৬ খ্রি. তারিখ সোমবার বেলা ০২.৩০ টায় মৎস্য অধিদপ্তরের সভাকক্ষে (২য় তলা) মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক সৈয়দ আরিফ আজাদ এর সভাপতিত্বে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### সভার কার্যক্রমঃ

- ১। উল্লিখিত প্রযুক্তিগুলো মাঠ পর্যায়ে সম্প্রসারণের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা নির্ধারণ;
- ২। বিবিধ।

  
(ড. মোঃ গোলজার হোসেন)  
উপপরিচালক (মৎস্যচাষ)  
ফোনঃ ০২-৯৫৬১৫৯২

ই-মেইল- goljar\_159@yahoo.com

### কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (০১ জন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
২. পরিচালক (রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (মৎস্য জরীপ ও পরিকল্পনা)/ (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. উপপরিচালক, (প্রশাসন)/ (মৎস্যচাষ)/ (ফিল্ড সার্ভিস)/ (অর্থ ও পরিকল্পনা)/ (চিংড়ি)/ (মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৫. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬. প্রকল্প পরিচালক, .....
৭. সিস্টেম এনালিস্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে ন্যূনতম ৩ কর্ম দিবস প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী পরিচালক (মৎস্যচাষ)/ (প্রশিক্ষণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৯. প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১০. মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১১. জনাব/বেগম.....।
১২. দপ্তর নথি।